

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা
আইসিটি শাখা
www.fisheries.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.১৭০

তারিখ: ৯ পৌষ ১৪২৬

২৪ ডিসেম্বর ২০১৯

বিষয়: "অ্যান্ড্রয়েড অ্যাপ ও ইউটিউব চ্যানেলের মাধ্যমে মৎস্য সম্প্রসারণ সেবা প্রদান" উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্র: মৎস্য অধিদপ্তরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কর্মসম্পাদন সূচক ৬.১.১ এর নির্দেশনা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তর এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০ এর কর্মসম্পাদন সূচক মোতাবেক ন্যূনতম একটি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন আবশ্যিক। এ লক্ষ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ইনোভেশন শোকেসিং-২০১৯ ও মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত মোতাবেক প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়াসমূহের মধ্যে "অ্যান্ড্রয়েড অ্যাপ ও ইউটিউব চ্যানেলের মাধ্যমে মৎস্য সম্প্রসারণ সেবা প্রদান" উদ্ভাবনী উদ্যোগটিকে ২০১৯-২০ অর্থবছরের জন্য পাইলটিং বাস্তবায়নের নিমিত্ত নির্ধারণ করা হলো।

এমতাবস্থায়, উক্ত উদ্যোগটির উদ্ভাবক জনাব মোঃ সামছু উদ্দিন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া-কে এ পত্রজারির পর হতে উল্লিখিত উদ্যোগটির পাইলটিং সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো। পাইলটিং সম্পন্নকরতঃ আগামী ১৫-০২-২০২০ খ্রি. তারিখের মধ্যে ইনোভেশন অফিসার বরাবর রিপোর্ট প্রদান করার জন্য অনুরোধ করা যাচ্ছে। এ সংক্রান্ত কাজে যে কোন সমস্যার সম্মুখীন হলে জনাব মোঃ বদিউল আলম সুফল, উপজেলা মৎস্য কর্মকর্তা (রিজার্ভ), আইসিটি শাখা এর সাথে যোগাযোগের জন্যেও অনুরোধ করা হলো।


২৪-১২-২০১৯

মোঃ ইউসুফ খান

ইনোভেশন অফিসার ও উপ-পরিচালক
(মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ)

মোঃ সামছু উদ্দিন, সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা,
ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭.১৭০/১(২)

তারিখ: ৯ পৌষ ১৪২৬

২৪ ডিসেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ২) ষ্টাফ অফিসার (সহকারী পরিচালক), মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



২৪-১২-২০১৯

মোঃ ইউসুফ খান

ইনোভেশন অফিসার ও উপ-পরিচালক
(মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ)